



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

ISO 9001 : 2015



প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
'বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে'  
স্থাপিত - ১৯৮৪

## বোয়েসেল-এর মাধ্যমে সরকারিভাবে ব্রুнай-এ পুরুষ কর্মী নিয়োগ

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০৫.০৩৬.২৪.১৪৯৩

তারিখ: ২০.১০.২০২৪

বোয়েসেল-এর মাধ্যমে ব্রুнай-এর বিভিন্ন কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগ করা হবে:

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন/মজুরি	বয়স	অভিজ্ঞতা
ক.	১. GENERAL LABOUR (জেনারেল লেবার)	০৩ (তিন) জন	প্রতি দিন ২০ BND/১৬০০ টাকা	২০-৪০ বছরের মধ্যে হতে হবে।	প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
খ.	১. FOREMAN (ফোরম্যান)	০১ (এক) জন	প্রতি দিন ২৩ BND/১৮৪০ টাকা	১৮-১৯ বছরের মধ্যে হতে হবে।	
গ.	২. BURUH (বুরুহ)	১১ (এগারো) জন	প্রতি দিন ২০ BND/১৬০০ টাকা	২৩-৫১ বছরের মধ্যে হতে হবে।	
ঘ.	১. MASON (মেশন)	০৭ (সাত) জন	প্রতি দিন ২০ BND/ ১৬০০ টাকা	২০-৪৫ বছরের মধ্যে হতে হবে।	
	২. TUKANG CAT (তুকাং ক্যাট)	০২ (দুই) জন		৪৫ বছরের মধ্যে হতে হবে।	
	৩. TUKANG TILE (তুকাং টাইল)	০১ (এক) জন		৪২ বছরের মধ্যে হতে হবে।	
	৪. PEKERJA BINAAN (পেকারজা বিনান)	০১ (এক) জন		৩২ বছরের মধ্যে হতে হবে।	
ঙ.	৫. CONSTRUCTION WORKER (কনস্ট্রাকশন ওয়ার্কার)	০২ (দুই) জন	প্রতি দিন ২০ BND/ ১৬০০ টাকা	৪২ বছরের মধ্যে হতে হবে।	
	১. TAILOR (টেইলর)	০১ (এক) জন		২০-৫৫ বছরের মধ্যে হতে হবে।	
	২. HEAVY VEHICLE DRIVER (হেবি ডিকল ড্রাইভার)	০১ (এক) জন	প্রতি দিন ২০ BND/ ১৬০০ টাকা	২০-৩৫ বছরের মধ্যে হতে হবে।	

### চাকরীর শর্তাবলী:

- শ্রম চুক্তি : ক্রমিক নং-ক ও গ- এর ক্ষেত্রে ০২ (দুই) বছর ও নবায়নযোগ্য এবং খ-ঘ এর ক্ষেত্রে ০২ (দুই) বছর;
- কর্মঘন্টা: দৈনিক ৮ ঘন্টা ডিউটি;
- থাকা: কোম্পানি বহন করবে;
- খাওয়া: ক্রমিক নং খ-এর ক্ষেত্রে কোম্পানি বহন করবে এবং অন্যগুলোর ক্ষেত্রে কর্মীকে বহন করতে হবে;
- বিমান ভাড়া: নিয়োগকর্তা বহন করবে;
- মেডিকেল, বিমা, ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধাদি ব্রুнай-এর শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

### বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য তথ্য:

- আগ্রহী প্রার্থীদের পাসপোর্ট নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর প্রদত্ত লিংকে আগামী ২৫.১০.২০২৪ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনকারী প্রার্থীদের তথ্য যাচাই বাছাই করে প্রাথমিকভাবে তালিকা প্রস্তুত করা হবে এবং কোম্পানির প্রতিনিধি কর্তৃক প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে;
- অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নহে;
- “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে অনলাইনে আবেদন করার সুযোগ রয়েছে (নির্ধারিত পদের বিপরীতে প্রয়োজনীয় সংখ্যক আবেদন জমা হলে সিস্টেম স্বয়ংক্রিয় ভাবে বন্ধ হয়ে যাবে);
- ইন্টারভিউ-এর সময় প্রার্থীদের ইংরেজি জীবন বৃত্তান্ত, পাসপোর্ট ও অভিজ্ঞতার সনদসহ ১ সেট জীবন-বৃত্তান্ত ও মূল কপি সঙ্গে আনতে হবে;
- নিয়োগকর্তা/প্রতিনিধি কর্তৃক নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ এবং ভ্যাট, এআইটি, বিমা, ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার ফি, রেজিস্ট্রেশন ফি ইত্যাদি আনুষ্ঠানিক ব্যয়সহ ৪৪.৮৫০/- (চুয়াল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকার পে অর্ডার “বোয়েসেল ঢাকা” নামে মগবাজার সোনালী ব্যাংক শাখায় জমা করে বোয়েসেল অফিসে জমা করতে হবে। ভিসা ফি ও বাংলাদেশের মেডিকেল স্টেটের ফি কর্মীকে বহন করতে হবে;
- আবেদন লিংক: [brms.boesl.gov.bd](http://brms.boesl.gov.bd);
- BRMS পোর্টালে আবেদন করতে বা অন্য কোনো সমস্যা দেখা দিলে (৩৩৩ অথবা ০৯৬৬৬৭০৩৩৩১) এই নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো;
- বোয়েসেল কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- অনলাইনে আবেদন কোন প্রার্থীর চাকুরির নিশ্চয়তা প্রদান করে না;
- জরুরী যোগাযোগ: ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮;
- কর্মীদের অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ বিকাশ ০১৭৬৫৪১১৬৫৩ নম্বরে ১০০ টাকা পরিশোধ করে ট্রানজেকশন আইডি প্রদানের মাধ্যমে আবেদন করতে হবে।

বিএমইটি-এর অধীনস্থ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট কাজে প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ কর্মীদের অগ্রাধিকার দেয়া হবে।

বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন অর্থ প্রদান করবেন না।  
বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/সাব এজেন্ট/প্রতিনিধি বা শাখা অফিস নেই।

২০.১০.২০২৪

বোয়েসেল কর্তৃপক্ষ।

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)  
৭১-৭২ ইন্টারন্যাশনাল গার্ডেন



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮ ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮  
মোবাইল : ০১৭৬৫৪১১৬৫৩